

নং-২৬.০০.০০০০.১০৬.৮৬.০২২.০৫/২৪৬

তারিখঃ ২৭ আষাঢ় ১৪২৪  
১১ জুলাই ২০১৭

বিষয়ঃ ১৩-১৫ জুলাই ২০১৭ সময়ে “INTERIOR EXTERIOR EXPO 2017” ও “BANGLADESH WOOD EXPO 2017” শীর্ষক প্রদর্শনী আয়োজনের অনুমতি প্রদান।


সূত্র : Ask Trade & Exhibitions Pvt. Ltd এর ৩০ মার্চ ২০১৭ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ASK Trade & Exhibitions Pvt.Ltd এর উদ্যোগে আগামী ১৩-১৫ জুলাই ২০১৭ সময়ে আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরা, কুড়িল, বারিধারা, ‘INTERIOR EXTERIOR EXPO 2017’ ও ‘BANGLADESH WOOD EXPO 2017’ শীর্ষক মেলা আয়োজনের অনুমতি নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

শর্তাবলি:

- ক. আমদানি নিষিদ্ধ বা অবৈধ পণ্য মেলায় প্রদর্শন ও বিক্রয় করা যাবে না এবং মেলায় প্রদর্শিত পণ্য/সামগ্রী মেলা আয়োজনের উদ্দেশ্যের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে;
- খ. মেলায় অশালীন/অসামাজিক/অবৈধ কার্যক্রম পরিচালিত হতে পারবে না;
- গ. জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি নীতি পরিপন্থি কোন কিছু প্রদর্শন করা যাবে না;
- ঘ. মেলা আয়োজনের নিমিত্ত মাঠ/স্থান ব্যবহারের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হতে পৃথকভাবে অনুমতি গ্রহণ করতে হবে;
- ঙ. আমদানি নিষিদ্ধ নয় এমন কোন বিদেশী পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জাম মেলায় প্রদর্শন/বিক্রয়ের প্রয়োজন হলে উক্ত বিদেশী পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জাম বিদ্যমান “আমদানি নীতি আদেশ” অনুসরণ করে আমদানি করতে হবে;
- চ. স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা বাহিনীকে অবগত রেখে মেলা পরিচালনা করতে হবে এবং মেলার আয়োজক কর্তৃক নিজ উদ্যোগে মেলার আইন শৃঙ্খলা রক্ষা করতে হবে;
- ছ. মেলা অনুষ্ঠানের অনুমতি প্রদানের পর অথবা মেলা চলাকালীন সময়ে প্রয়োজনে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত মেলার সময়সূচি পরিবর্তন বা মেলার সকল কার্যক্রম বন্ধ রাখার এখতিয়ার সংরক্ষণ করবে; এবং
- জ. বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত মেলার সময়সীমা বর্ধিত করা যাবে না।

২। বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রদর্শনী আয়োজনে আইনানুগ সহযোগিতা প্রদান করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

  
(রুখানা হাসিন) ২০/৭/২০১৭  
যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪৯৬২৬

[export7@mincom.gov.bd](mailto:export7@mincom.gov.bd)

জনাব টিপু সুলতান ভূঁইয়া  
পরিচালক

আস্ক ট্রেড এন্ড এক্সিবিশন প্রাইভেট লিঃ

হাউজ নং- ৪৪৯ (ফ্লোর-২), রোড নং- ৩১, নিউ ডিওএইচএস, মহাখালি ঢাকা-১২১৬।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা ঢাকা।
২. প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৩. জেলা প্রশাসক, ঢাকা।
৪. ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনী, রমনা, ঢাকা-১০০০।
৫. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জনাব আবু সালাহ মোহাম্মদ ইমরান, সদস্য সচিব, ওয়েবসাইট ও ট্রেড পোর্টাল হালনাগাদকরণ কমিটি, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।